
# আমাদের বাড়ি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
প্রাক-প্রাথমিক পর্যায়ের ৪+ বয়সি শিশুদের জন্য প্রণীত

# আমাদের বাড়ি





এই গল্পটি ব্র্যাক আইইডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত আনিসা হকের গল্প
এবং প্রহ্লাদ চন্দ্র কর্মকারের অলঙ্করণ অবলম্বনে অভিযোজিত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

কর্তৃক প্রকাশিত


(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)


প্রথম প্রকাশ: ডিসেম্বর ২০২৩
পুনর্মুদ্রণ: সেপ্টেম্বর ২০২৫


**প্রাক-প্রাথমিক শিক্ষার ৪+ বয়সি শিশুদের জন্য শিখন-সামগ্রী**

## উন্নয়ন ও অভিযোজন


প্রফেসর কুররাতুল আয়েন সফদার
মোঃ গোলাম মোস্তফা
মোঃ আব্দুল মুমিন মোছাব্বির
ড. মোহাম্মদ নূরুল বাশার
রেজাউল করিম বয়াতী
মোহাম্মদ মফিজুর রহমান
মোঃ আব্দুল্লাহ আল মাসুদ
গাজী মোহাম্মদ নাজমুল হোসেন
মোঃ মাজাহারুল ইসলাম খান
মোহাম্মদ আবু বকর ছিদ্দিক
মহিউদ্দিন আহমেদ তালুকদার
মোঃ মাহফুজুর রহমান জুয়েল
ডা. মোঃ গোলাম মোস্তাফা
সৈয়দা সাজিয়া জামান
মোঃ তারিকুল ইসলাম চৌধুরী
নাহিদ পারভীন
ড. শিল্পী রানী সাহা
ইসরাত জাহান
রাজিয়া সুলতানা
নন্দিনী ঘোষ


## চিত্রাঙ্কন ও গ্রাফিক ডিজাইন


হোসনে আরা বেগম
মোঃ রাজীব হোসেন
মোঃ লুৎফুল হায়দার-আল্-মাসুম
সাইদ আহমেদ কানন
মৃনাল কৃষ্ণ দাস
সুমন কুমার বড়াল
সারাহ্ সাইয়ারা
কুতুবুল ইসলাম অভি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে:

আমাদের একটি বাড়ি শহরে, বড়ো রাস্তার মোড়ে।
অন্যটি গ্রামে।






শহরেরটি পাকা, বেশি সময় হয় থাকা।
বসার ঘর, খাবার  ঘর, মায়ের ঘর, আমার ঘর,
আরও আছে রান্না ঘর।



ঘরের ওপর ঘর, বারান্দা আর সিঁড়ি।
সিঁড়ি পেরিয়ে ছাদ।
ইচ্ছে হলে সবাই মিলে, যায় সেখানে যাওয়া।



খোলা ছাদে যায় যে দেখা,
আকাশ, মেঘ আর সূর্য তারা।
ডানা মেলে বহু পাখি
যাচ্ছে কোথায়, হয়নি জানা।



গ্রামের বাড়িটি শহর থেকে বহু দূরে।
জামতলা বাজার হয়ে বাঁশঝাড়, আমবাগান,
চায়ের দোকান ঘুরে।



ধানখেত ও বিলের ধারে, এঁকেবেঁকে মেঠো পথ ধরে।
যেতে যেতে পৌঁছে যাই আমার দাদার বাড়িতে।



টিনের চাল, টিনের দেয়াল, ছিকায় তোলা মুড়ি মুড়কি।
তিনপাশে তিনটি টিনের ঘর। মাঝখানেতে উঠান। আরও কত কী!



কলতলা আর রান্নাঘর,
দাদির ঘর আর কাকার ঘর, বুবুজান ও ভাইয়ের ঘর।
পাটখড়ি আর গরুর খড়।



হরেক রকম আয়োজন, সকাল থেকে সন্ধ্যা বেলা,
পুকুর পাড়ে মাছ ধরা, আম কুড়ানো, শাক তোলা।
থোকা ধরে লিচু খাওয়া
কী যে মজা! কী যে মজা!



দাদা-দাদু, কাকা-কাকি, মা-বাবা, ভাই-বোন মিলে
আনন্দ আর উৎসবে মেতে ওঠে সকলে।



## গল্পের মূলভাব

গ্রামের ও শহরের
পরিবেশের মৌলিক পার্থক্য
বুঝতে পারা এবং পারিবারিক
সম্পর্ক জেনে তার সাথে নিজের
সম্পর্ক বুঝতে পারাই এই
গল্পের মূল বিষয়।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
প্রাক-প্রাথমিক পর্যায়ের ৪+ বয়সি শিশুদের জন্য প্রণীত




**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ**

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য